

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭।
Web site: www.doict.gov.bd, Fax: +৮৮-০২৫৫০০৬৮২৭

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০১.০১৮.০০১.১৫- ৮৪২৬

তারিখ: ০৯/০৯/২০১৯খ্রি.


বিষয়: সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত “শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম” এর সুষ্ঠু পরিচালন কার্যক্রম ও ল্যাভে স্থাপিত ল্যাপটপ/ডেস্কটপসহ অন্যান্য যন্ত্রপাতির তথ্য সম্বলিত প্রতিবেদন প্রেরণ।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে সারাদেশে আইসিটি শিক্ষা সম্প্রসারণ এবং দক্ষ জনশক্তি গড়ার প্রত্যয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের তত্ত্বাবধানে “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প” আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. তারিখে সমাপ্ত হতে যাচ্ছে। উক্ত প্রকল্পের আওতায় সারাদেশে ২০১৫-২০১৬ অর্থবছরে ২০০১টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব”, ২০১৬-২০১৭ অর্থবছরে ৮০০টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” ও ১০০টি প্রাথমিক বিদ্যালয়ে “শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম” এবং ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থবছরে ১২০০টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” ও ৬০টি প্রাথমিক বিদ্যালয়ে “শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম” স্থাপন করা হয়েছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর/ অন্যান্য সংস্থায় কর্মরত উর্ধ্বতন কর্মকর্তাগণ সারাদেশে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ ক্লাসরুম পরিদর্শনপূর্বক তাদের দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা গেছে কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবগুলো যথাযথভাবে ব্যবহৃত হচ্ছে না এবং ল্যাব কক্ষের নিরাপত্তা ব্যবস্থা হুমকিরূপ বলে প্রতীয়মান হচ্ছে। অধিকাংশ ক্ষেত্রেই শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অসচেতনতা ও অনগ্রহ রয়েছে বলে পরিদর্শন প্রতিবেদনের মাধ্যমে জানা গেছে। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ল্যাবের ব্যবহার শতভাগ নিশ্চিত হওয়া আবশ্যিক। এ জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের অধিকতর তৎপর ও দায়িত্ববান হওয়া প্রয়োজন।

এমতাবস্থায়, প্রকল্পের আওতায় স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ক্লাসরুমের ব্যবহার/পরিচালন, ল্যাপটপ/ডেস্কটপসহ অন্যান্য যন্ত্রপাতি সমূহের অবস্থা সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সংযুক্ত লিংক এ পূরণ পূর্বক উপজেলা ভিত্তিক তথ্য সম্বলিত প্রতিবেদন আগামী ১৫/০৯/২০১৯খ্রি: তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

লিংক: <https://forms.gle/7RpN3TFvBZZ75CZH7>


(মো: রেজাউল মাকসুদ জাহেদী)
যুগ্মসচিব, অতিরিক্ত মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন-+৮৮০ ২ ৮১৮১১০১/০২-৫৫০০৬৮২৬

ই-মেইল: sheikhrusseldigitallab@gmail.com

সহকারী প্রোগ্রামার/প্রোগ্রামার,
সকল উপজেলা/জেলা
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২) জেলা প্রশাসক, সকল।
- ৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, সকল।
- ৬) জেলা শিক্ষা অফিসার (সকল)।
- ৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল।
- ৯) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)(ল্যাবের তথ্য প্রদানের অনুরোধসহ)।
- ১০) অফিস কপি।